



দৈনিক আজাদী



স্থায়ী বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রোববার

২ এপ্রিল ২০২৩

www.edainikazadi.net ফোন: ৯২-৫-৫৪ | ৬৩তম বর্ষ ২০৫ সংখ্যা | ১৯ টম ১৪২৯ গাল | ১০ রমজান ১৪৪৪ হিজরি

৮ পৃষ্ঠা

৭ টাকা



আইআইইউসির ফিমেল একাডেমিক জোনে ঈদ ফেয়ারে অতিথিবৃন্দ

আইআইইউসির ফিমেল একাডেমিক জোনে ঈদ ফেয়ার শুরু

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ফিমেল একাডেমিক জোনে প্রথমবারের মত শিক্ষিকা, অফিসার এবং ছাত্রীদের সমন্বয়ে শুরু হয়েছে ঈদ ফেয়ার-২০২৩। ফিমেল একাডেমিক জোনের উদ্যোগে আয়োজিত ঈদ ফেয়ারের উদ্বোধন করেন বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি এবং বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ঈদ ফেয়ারের বিভিন্ন স্টল পরিদর্শন করেন। এসময় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিওটি ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, ট্রান্সপোর্ট বিভাগের চেয়ারম্যান ড. মাহি উদ্দিন ও আইআইইউসির শিক্ষক-কর্মকর্তাবৃন্দ। ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরীর তত্ত্বাবধানে এই অয়োজন করা হয়। সার্বিক সহযোগিতায় ছিলেন ল' ডিপার্টমেন্টের এসিসটেন্ট প্রফেসর এবং এসিস্টেন্ট প্রক্টর তাসলিমা আক্তার এবং ফিমেল জোনের অফিসারবৃন্দ। ঈদ ফেয়ারে আগত অতিথিরা নারী উদ্যোক্তারদের এগিয়ে আনা এবং ছাত্রীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই ব্যতিক্রমধর্মী আয়োজনের প্রশংসা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 2 April 2023, Page: 3, Col: 5

<https://edainikazadi.net/index.php?page=1&date=2023-04-2>